সংবাদ

তারিখ 18 NOV 2009 পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

ঝিনাইদহ আইনজীবী সহকারী সমিতি

# মসলেম-সান্দার প্যানেলের নিরঙ্কুশ জয়

প্রতিনিধি, হরিণাকুণ্ডু (ঝিনাইদহ)

ঝিনাইদহ জেলা আইনজীবী সহকারী সমিতির বার্ষিক নির্বাচন গতকাল সম্পন্ন হয়েছে। নির্বাচনে সভাপতি পদে মো. মসলেম উদ্দিন ১১০ ভোট ও সাধারণ সম্পাদক পদে সান্দার হোসেন খান ১২৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এদের নিকটতম প্রতিদ্বন্দ্বী সভাপতি পদে আবজাল হোসেন পেয়েছেন ৮৮ ভোট এবং সাধারণ সম্পাদক মো. হাসেম আলী পেয়েছেন ৭৭ ভোট। নির্বাচনে মসলেম-সান্দার প্যানেল ২টি সদস্য পদ ছাড়া বাকি ১৩টি পদে বিজয়ী হয়েছে।

অন্যান্য পদে নির্বাচিতরা হচ্ছেন- সহ-সভাপতি পদে মো. আবদুল হামিদ সহসাধারণ সম্পাদক, ধর্মীয় ও আপ্যায়ন সম্পাদক পদে আকরামুল হোসেন হিসাবনিরীক্ষক পদে মো. আমিরুল ইসলাম ইমারুল, সহকারী হিসাবনিরীক্ষক পদে মো. উমর আলী ও সদস্য পদে মো. হাবিবুর রহমান, মুন্সী রাশেদুল ইসলাম, মো. আমিরুল ইসলাম, মো. মোস্তাজ উদ্দিন

এলাকায় বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

র‌্যাব-১০'র একটি দল রোববার রাতে কদমতলী থানাধীন রায়েরবাগ বাসস্ট্যান্ডের অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ কাউছার আলী নামে এক মাদক ব্যবসায়ীকে হাতেনাতে গ্রেফতার করে। র‌্যাবের জিজ্ঞাসাবাদে সে জানিয়েছে, দীর্ঘদিন ধরে সে ওই এলাকা এবং তার আশপাশ এলাকায় মাদক ব্যবসা করে আসছিল।

র‌্যাব-২'র সদস্যরা আদাবর ১নং রোডে অভিযান চালিয়ে ৫০ বোতল ফেনসিডিলসহ ২ মাদক ব্যবসায়ীকে আটক করে। র‌্যাব-৩'র সদস্যরা মতিঝিল, শান্তিবাগ এলাকা থেকে ২৫০টি ইয়াবা ট্যাবলেটসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করে। এছাড়া খিলগাঁও এলাকায় অভিযান চালিয়ে ১৬০ বোতল ফেনসিডিল ও মাদক বিক্রির ৯ হাজার ৯০০ টাকাসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করে।